

# কালের কর্ত্তা

আপডেট : ৬ আগস্ট, ২০১৮ ২৩:৩৭

জাতীয় বিশ্ববিদ্যালয়

অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষার ফল প্রকাশ

 অনার্স তৃতীয় বর্ষের পরীক্ষার ফল প্রকাশ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স নিয়মিত পরীক্ষার ফল গতকাল সোমবার প্রকাশিত হয়েছে। ৬১৩টি কলেজ থেকে ৩০টি বিষয়ে এক লাখ ৭৬ হাজার ৫৩১ জন নিয়মিত ও ৪২ হাজার ১২৩ জন মানোষয়ন মিলিয়ে দুই লাখ ১৮ হাজার ৬৫৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেন। পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এক লাখ ৭২ হাজার ৬৫৩ জন। পাসের হার ৯৭.৮০ শতাংশ।

প্রকাশিত ফল গতকাল সন্ধ্যা ৭টা থেকে মোবাইলে এসএমএসের মাধ্যমে nu<space>h3<space> Roll No লিখে 16222 নম্বরে পাঠিয়ে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.nu.ac.bd](http://www.nu.ac.bd) থেকে জানা যাচ্ছে। মাস্টার্স ভর্তির দ্বিতীয় রিলিজ স্লিপের মেধাতালিকা ৯ আগস্ট প্রকাশ : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রগ্রামের ভর্তি কার্যক্রমে দ্বিতীয় রিলিজ স্লিপের মেধা তালিকা ৯ আগস্ট প্রকাশিত হবে। ওই দিন বিকেল ৪টা থেকে এসএমএসের মাধ্যমে nu<space>atmf<space>roll লিখে 16222 নম্বরে পাঠিয়ে এবং রাত ৯টায় ওয়েবসাইট [www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions) থেকে পাওয়া যাবে। প্রিলিমিনারি টু মাস্টার্স ভর্তি শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটা : জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারি টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কার্যক্রমে দ্বিতীয় মেধাতালিকায় ভর্তি শিক্ষার্থীদের বিষয় পরিবর্তন ও কোটার মেধাতালিকা আজ মঙ্গলবার প্রকাশিত হবে। এই ফল বিকেল ৪টা থেকে এসএমএসের মাধ্যমে nu<space>atmp<space>roll লিখে 16222 নম্বরে পাঠিয়ে এবং রাত ৯টায় ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে পাওয়া যাবে। গতকাল জাতীয় বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও পরামর্শ দণ্ডের এ তথ্য জানিয়েছে।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইষ্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড়ো, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৮০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : [info@kalerkantho.com](mailto:info@kalerkantho.com)